চুয়াডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মনিরুল নিহত

মেহেরপুর- চুয়াডাঙ্গা সড়কের কুলপালায় বালু ভর্তি ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে মনিরুল ইসলাম (৪০) এক ব্যক্তি নিহত হয়েছেন।
আজ বুধবার ভোর ৫টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের কুপাজ উদ্দিনের ছেলে। জানা গেছে, মনিরুল ইসলাম গতকাল বিকেলে কলা বিক্রির উদ্দেশ্যে বরিশালে যান। বরিশাল থেকে মেহেরপুরে ফেরার উদ্দেশ্যে রওনা দেন। চুয়াডাঙ্গার কুলপালা নামক স্থানে এসে পিকআপটি নিয়ন্ত্রণ হারালে সামনে থাকা বালুভর্তি ট্রাকের সাথে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মনিরুল ইসলাম মারা যান এবং পিকআপ চালক মোঃ বকুল (৩৫) গুরুতর আহত হন। খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি টিম এসে তাদেরকে উদ্ধার করেন।

চুয়াডাঙ্গাতে করোনায় সাংবাদিক ডালিমের ইন্তেকাল

যমুনা টেলিভিশন ও ইউএনবি’র চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবর পত্রিকার নির্বাহী সম্পাদক আরিফুল ইসলাম ডালিম (৩৮) করোনায় আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার দুপুর তিন টার দিকে ঢাকায় নেওয়ার পথে তিনি মৃত্যুবরণ করেন। তিনি চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি মানিক আকবর জানান, গত ১৮ জুলাই ডালিম করোনায় আক্রান্ত হন। অবস্থার অবনতি হলে ২১ জুলাই

তাকে চুয়াডাঙ্গা জেনারেল হাসপাতালে ভর্তি হন। আজ সকালে তার অবস্থার আরো অবনতি হলে তাকে ঢাকায় নেওয়া হয়। ঢাকার গাবতলি পৌছানোর পর অ্যাম্বুলেন্সে থাকা চিকিৎসক দ্রুত সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

তিনি আরো জানান, মরদেহ চুয়াডাঙ্গায় পৌছানোর পর জানাযার সময় ও অন্যান্য কর্মসূচীর সিদ্ধান্ত নেওয়া হবে।

তার এ অকাল মৃত্যুতে মেহেরপুর প্রতিদিন পরিবার গভিরভাবে শোকাহত। শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

কুষ্টিয়ায় করোনায় আরও ১৫ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১৪১

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় ১৫ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ১০ জন করোনায় ও পাঁচ জন উপসর্গ নিয়ে মারা যান।
একই সময়ে ৫১১টি নমুনা পরীক্ষায় ১৪১ জনের করোনা শনাক্ত হয়েছে। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ২৭ দশমিক ৫৯ শতাংশ।

সোমবার করোনা ডেডিকেটেড কুষ্টিয়া জেনারেল হাসপাতাল সূত্র এ তথ্য জানিয়েছে।

হাসপাতালের উপ-পরিচালক ডা. আব্দুল মোমেন বলেন, ‘করোনায় ও উপসর্গ নিয়ে মারা যাওয়া সবাই কুষ্টিয়া করোনা ডেডিকেটেড ২৫০-শয্যা জেনারেল হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসাধীন ছিলেন। একই সময়ে জেলায় সুস্থ হয়েছেন ১৫৬ জন।’

তিনি জানান, বর্তমানে হাসপাতালে ২৪১ জন ভর্তি আছেন এবং জেলায় হোম আইসোলেশনে আছেন দুই হাজার ৭৭০ জন। এর আগের ২৪ ঘণ্টায় ১২ জনের মৃত্যু হয়। তাদের মধ্যে ১১ জন করোনায় ও একজন উপসর্গ নিয়ে

মারা যান। একই সময়ে ৪৯৯টি নমুনা পরীক্ষায় ১১৪ জনের করোনা শনাক্ত হয়। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ছিল ২২ দশমিক ৮৪ শতাংশ।

কুষ্টিয়ায় এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছেন ১৫ হাজার ৯৪৯ জন এবং মারা গেছেন ৬৩০ জন।

এদিকে, ১৮তম দিনের মতো জেলায় কঠোর বিধিনিষেধ চলছে। প্রশাসনের নির্দেশে স্বাস্থ্যবিধি মেনে জেলার শিল্পকারখানাগুলো চালু রয়েছে। কাঁচা বাজারগুলো সকাল ৭টা থেকে দুপুর ১টা পর্যন্ত খোলা রাখা হচ্ছে। জেলার শপিংমল, হোটেল, রেস্তোরাঁ দোকানপাট বন্ধ থাকলেও মানুষ শহরে প্রবেশ করছে। শহরের প্রবেশ পথগুলোতে ব্যরিকেড দিয়ে মানুষের প্রবেশ আটকানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে পুলিশ।

মেহেরপুরে বিএনপি নেতা মতিয়ার রহমানের মৃত্যু

মেহেরপুর জেলা বিএনপির উদদেষ্টা সদস্য গোভীপুর গ্রামের বাসিন্দা ও আমঝুপি ইউনিয়নের সহকারী ভূমি কর্মকর্তা নওজেশ আলীর শ্বশুর মতিয়ার রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১২ টার দিকে তিনি স্ট্রোক করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হলে চিকিৎসাধীন অবস্থায় কিছুক্ষন পর মৃত্যুবরণ করেন। তিনি স্ত্রী, ২ ছেলে, ১ মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকাল ১০টা ২০ মিনিটে গোভীপুর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুর শহরে করোনায় আক্রান্ত এক বৃদ্ধার মৃত্যু

মেহেরপুর শহরের কাসারিপাড়া নিবাসি মরহুম সাহাবাজ হোসেন লিজ্জু ও ঠিকাদার সালেহ উদ্দিন আবলুর মাতা এবং জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান আহমেদ রুপকের দাদি রাবেয়া বেগম (৮০) করোনা আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

আজ সোমবার বিকাল ৪টার সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি গত শনিবার করোনায় আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

মরহুমান পারিবারিক সূত্রে জানা গেছে, আজ সোমবার বাদ এশা মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে কলেজ মোড়ের পৌর কবরস্থানে দাফন করা হবে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় শ্রমিক নিহত

মুজিবনগর ইট ভাঙা গাড়ীর নিয়ন্ত্রন হারিয়ে ইজারুল ইসলাম (৪৮) নামে এক শ্রমিক নিহত হয়েছেন।

শনিবার সকাল সাড়ে ছয়টার দিকে মুজিবনগর উপজেলার বল্লভপুর আনন্দবাস সড়কের বাগোয়ান অফিস মোড়ে এ দূর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তি দারিয়াপুর গ্যাজাল পাড়ার মওলা বক্স এর ছেলে।

প্রত্যক্ষদর্শী বাগোয়ান অফিস মোড়ের চায়ের দোকানদার রকিবুল জানান, সকাল ৬টার দিকে বল্লভপুরের দিক থেকে ইট ভাঙ্গা গাড়িতে করে দারিয়াপুর ও পুরন্দরপুর গ্রামের ইটভাঙ্গা শ্রমিক আনন্দবাস গ্রামের দিকে যার পথে আমার চায়ের দোকোনের আগে ব্যাক ঘুরতে গেলে নিয়ন্ত্রন হারিয়ে গাড়িটি রাস্তার পাশে গর্তে উল্টিয়ে যায়। এতে করে ইজারুল ইসলাম ঘটনাস্থলেই মারা যান। এছাড়া গাড়ির নিচে চাপা

পড়ে ঘটনাস্হলে কয়েক জন সামান্য আহত হয়।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্তব্যরত ডাক্তার জানান, সকাল পৌনে ৭ টার দিকে ইজারুল কে হাসপাতালে নিয়ে আসে লোকজন কিন্তু হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম।

মুজিবনগরের যতারপুরে ট্রাকের ধাক্কায় গৃহবধু নিহত

মেহেরপুরের মুজিবনগরে ট্রাকের ধাক্কায় গৃহবধু রিজিয়া খাতুন (৩৩) নিহত হয়েছে। মঙ্গলবার দুপুর ১টায় উপজেলার যতারপুরে এ দূর্ঘটনা ঘটে। নিহত রিজিয়া খাতুন বাবুপুরের সেন্টু মিয়ার স্ত্রী। কোমরপুর পুলিশ ক্যাম্পের ভারপ্রাপ্ত ইনচার্জ এস আই ইকবাল হোসেন জানান,সেন্টু তার স্ত্রীকে সাথে নিয়ে মটরসাইকেল যোগে মেহেরপুরে যাওয়ার পথে যতারপুরে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক (ঢাকা মেট্রো-ট- ২২-১৭৫০) ধাক্কা দিলে ঘটনাস্থলে রিজিয়া খাতুন নিহত হয়। নিহতের স্বামী আহত সেন্টু মিয়াকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হয়েছে।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল হাসেম জানান,ট্রাক জব্দের পাশাপাশি ট্রাকের চালককে গ্রেফতার করা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের রাইপুরে বজ্রপাতে

এক ব্যক্তি নিহত

মেহেরপুর সদর উপজেলার রাইপুরে হংকার গাইন (৪০) নামে এক ব্যক্তির বজ্রপাতে মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার বিকাল ৪ টার দিকে একই এলাকার বিলপাড়ার একটি আম বাগানে ঘটনা ঘটে। নিহত হংকার গাইন একই এলাকার মৃত নেঙ্গা গাইন এর ছেলে এবং সে তিনি কন্যার জনক।
পারিবারিক সূত্রে জানাযায়, শনিবার বিকালে বৃষ্টির আগ মূহর্তে বাড়ির পাশে বিলপাড়ার একটি আম বাগানে আম কুড়াতে যায়। এসময় বৃষ্টি চলাকালে বজ্রপাতে ঘটনাস্থালেই সে নিহত হয়।

গাংনীতে গরুর শিংয়ের গুতোই গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিসাখোলা গ্রামে গরুর গোয়াল ঘর পরিষ্কার করতে যেয়ে গরুর শিংয়ের গুঁতোই মুসলিমা খাতুন(২৫) নামের এক গৃহবধূর মৃত্যু হয়েছে।
আজ শনিবার বিকেলে এই ঘটনাটি ঘটে। নিহত মুসলিমা খাতুন মহিষাখোলা গ্রামের বজলুর রহমানের স্ত্রী।
নিহতের স্বামী বজলুর রহমান জানান, প্রতিদিনের ন্যায় মুসলিমা আজ বিকেলে গরুর গোয়াল ঘর পরিস্কার করছিল। এসময় গরুর সামনে গেলে তাকে শিং দিয়ে গুতো মারলে মুসলিমা মারাত্মক আহত হয়।এবং সাথে সাথে অজ্ঞান হয়ে পড়ে।
আহত মুসলিমাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এক সন্তানের জননী মুসলিমার মৃত্যুতে তার পরিবারে নেমে এসেছে শোকের মাতম। গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, বিষয়টি আমরা শুনেছি সেখানে পুলিশ পাঠানো হয়েছিল।।

মেহেরপুরের দরবেশপুরে সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের দরবেশপুরে মোটরসাইকেল ও বাঁশ বোঝায় আলগামনের মুখোমুখি সংঘর্ষে রিপন হোসেন (২৩) নামের এক মাইক্রো বাসের ড্রাইভার নিহত হয়েছেন।
শুক্রবার বিকাল পাঁচটার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার দরবেশপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত রিপন মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের আবদুল হাকিমের ছেলে।
স্থানীয়রা জানান, রিপন হোসেন ও তার বন্ধু মামুন মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গা যাওয়ার পথে দরবেশপুর বাজার এলাকায় পৌঁছালে বিপরীত দিকে ছেড়ে আসা বাঁশ বোঝাই স্যলো ইঞ্জিনচালিত একটি আলগামনের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে ঘটনাস্থলেই রিপন নিহত হয়। আহত মামুনকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।